

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১০৬(আগরতলা, ০৭।০৯)

উদয়পুর, ৭ সেপ্টেম্বর, ২০১৮

উদয়পুরে রক্তদান শিবিরে মুখ্যমন্ত্রী

ত্রিপুরা সূর্যোদয়ের পথে এগুচ্ছে

সব ধর্মের মূল কথা হলো সৌভাত্ত্ববোধ গড়ে তোলা ও মানুষকে ভালোবাসা। শ্যামা পূজার আদর্শ হচ্ছে সকলের কল্যাণ ও সমৃদ্ধি। আজ উদয়পুর ধনী সাগরের পশ্চিম পাড়ে শ্যামা মায়ের পূজা ও স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এ কথা বলেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ধর্ম ও সামাজিক উৎসব মানুষের ঐক্য চেতনাকে সমৃদ্ধ করে তুলে। আমরা যদি নিষ্ঠা ও সততার সঙ্গে কাজ করি তাহলে দেশের বা রাজ্যের কল্যাণ হবে। দেশের কল্যাণ হলে জনগণ তার সুফল ভোগ করতে পারবেন। বর্তমান সরকারও সেই দিশাতেই কাজ করছে। মুখ্যমন্ত্রী বলেন, আমরা সরকার গঠন করার পর ত্রিপুরাকে নেশামুক্ত করার অঙ্গীকার করেছি। যারা নেশা কারবারীর সঙ্গে যুক্ত তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে। তিনি বলেন, বিগত সরকার ২৫ বছর ধরে এদের বিরুদ্ধে কোন ধরনের ব্যবস্থা না নেওয়ার ফলে তারা ত্রিপুরাকে নেশাকারবারীদের স্বর্গরাজ্যে পরিণত করেছিল। বর্তমান সরকার গাজাকারবারী, নেশাকারবারী, নারী নির্যাতনকারী, চোরাকারবারী ও দুর্নীতি এই ৫টি অপরাধের সঙ্গে কোন ভাবেই আপোষ করবে না। আইন আইনের মতোই চলবে। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, অন্ধকার যতই শক্তিশালী হোক না কেন আলোর কাছে তা নিস্প্রভ। ঘনমেঘ সূর্যের আলোকে সাময়িকভাবে ঢেকে রাখতে পারে কিন্তু মেঘ সরে গেলেই আবার সূর্যের আলো ছড়িয়ে পড়ে। ত্রিপুরাও এই সূর্যোদয়ের পথে এগোচ্ছে। কিছুটা সময়ের অপেক্ষা মাত্র। মুখ্যমন্ত্রী বলেন, আমরা যে ভূমিতে বাস করছি তা একটি পবিত্র ভূমি। এখানে রয়েছে ভারতের অন্যতম পীঠস্থান ত্রিপুরেশ্বরী মন্দির। এই মন্দির হল একতার প্রতীক। এই মায়ের আশীর্বাদে আমরা সরকার গঠন করতে পেরেছি এবং মায়ের আশীর্বাদেই ত্রিপুরা বাসীর সেবায় নিয়োজিত থাকবো। সব শেষে তিনি উদ্যোক্তাদের স্বেচ্ছা রক্তদানের মতো একটি সামাজিক এবং মানবিক দায়িত্ব পালনের ব্যবস্থা করায় তাদের ভূয়সী প্রশংসা করেন।

অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, রক্তদান একটি মহৎ কাজ। স্বেচ্ছায় রক্তদানের মতো মহৎ কাজে এগিয়ে আসাই প্রকৃত মানব ধর্ম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, গোমতী জেলার অতিরিক্ত জেলা শাসক অর্নিমেশ দাস। স্বাগত ভাষণ দেন পূজা কমিটির সদস্য সবুজ চক্রবর্তী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পূজা কমিটির সভাপতি রামচন্দ্র বণিক। উল্লেখ্য আজ রক্তদান শিবিরে ৫২ জন স্বেচ্ছায় রক্তদান করেন। তারমধ্যে ১০ জন মহিলা।
